

## প্রবাসীদের আগমনে মুখরিত শাহজালাল

- A Monitor Desk Report

Date: 18 March, 2025



ঢাকাঃ আসন্ন ঈদুল ফিতর উপলক্ষে প্রবাসীদের দেশে ফেরার কারণে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ব্যাপক ভিড় বেড়েছে। সকাল থেকে রাত পর্যন্ত ক্যানোপি এলাকায় প্রবাসীদের স্বজনদের উপস্থিতি বাড়েছে, ফলে বিমানবন্দরের বিভিন্ন প্রবেশপথে বিপুল সংখ্যক যাত্রী ও দর্শনার্থীর জটলা তৈরি হচ্ছে।

ভিড় সামলাতে বিমানবন্দর কর্তৃপক্ষের সঙ্গে কাজ করছে এয়ারপোর্ট আর্মড পুলিশ ও আনসার সদস্যরা। তারা যাত্রীদের সুষ্ঠু এবং নিরাপদভাবে বিমানবন্দর পারাপার নিশ্চিত করতে ব্যাপক চেষ্টা চালিয়ে যাচ্ছেন। বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, যাত্রীদের সুবিধার জন্য বিশেষ ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

এছাড়াও, ঈদের উপলক্ষে বিমানবন্দরের নিরাপত্তা ব্যবস্থা আরো জোরদার করা হয়েছে, যাতে করে কোনো ধরনের সমস্যা বা অপ্রীতিকর ঘটনা না ঘটে।

সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, সিঙ্গাপুর, কাতার, ওমানসহ বিশ্বের বিভিন্ন দেশ থাকা প্রবাসীরা ঈদ সামনে রেখে স্বজনদের কাছে ফিরছেন। প্রতিদিন হাজার হাজার প্রবাসী ও প্রবাসীদের অপেক্ষায় থাকা স্বজনদের পদচারণায় এখন বিমানবন্দর মুখরিত। আর বিমানবন্দরে ভিড় সামলাতে ব্যস্ত বিভিন্ন সংস্থার কর্মকর্তারা।

এভিয়েশন সিকিউরিটি প্রধান জাহাজীর হোসেন বলেন, যাত্রীদের যেন কোনও প্রকার হয়রানি না হয় সে ব্যাপারে প্রতিটি সদস্য আন্তরিকভাবে কাজ করছে।

তিনি বলেন, “লাগেজ কাটা কিংবা মালামাল যাতে চুরি বা না হারায় সে ব্যাপারেও আমরা সচেতন। যাত্রীরা যেন সেবা পান সেটাই নিশ্চিত করছি।

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, যাত্রীরা সঠিক সময়ে লাগেজ পাচ্ছে। তবে যখন একসঙ্গে অনেকগুলো ফ্লাইট নামে তখন একটু সমস্যা হয়। সেটিও কাটিয়ে উঠার চেষ্টা করা হচ্ছে।

এয়ারপোর্ট আর্মড পুলিশ সহকারী সুপার রাফিকুল ইসলাম বলেন, এমনিতেই যাত্রীদের চাপ থাকে। এখন ঈদ মৌসুম হওয়ায় এই চাপ দ্বিগুণ হয়ে গেছে। তিনি বলেন, যাত্রীরা যেন নিরাপদে বিমানবন্দর ত্যাগ করতে পারে সেজন্য আমরা সর্বাত্মক চেষ্টা করে যাচ্ছি।

বিমানবন্দর কাস্টমের উপ-কমিশনার ইফতেখার আলম ভূঁইয়া বলেন, ঈদ মৌসুমে যাত্রীদের অনেক চাপ। তবে কেউ যেন হয়রানির শিকার না হন সে জন্য আমাদের সব কর্মকর্তা সচেষ্ট রয়েছেন।

**-B**